

(সংশোধিত)

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দৌলতপুর, মানিকগঞ্জ।

www.daulatpur.manikganj.gov.bd

স্মারক নং ০৫.৩০.৫৬১০.০০০.০৬.০০৩.২১-৪৯৬

তারিখঃ ২৫.১০.২০২৩ খ্রিস্টাব্দ।

নিয়োগ বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলার নিম্নোক্ত ৭ টি ইউনিয়ন পরিষদের শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গ্রামপুলিশ ( মহল্লাদার) নিয়োগের লক্ষ্যে মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের প্রকৃত নাগরিকদের (পুরুষ ও মহিলা) নিকট হতে নির্ধারিত ফরমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন ফরম এ কার্যালয়ের ওয়েব এড্রেস www.daulatpur.manikganj.gov.bd এ পাওয়া যাবে।

ইউনিয়নের নাম	পদের নাম	ওয়ার্ড নম্বর	শূন্য পদের সংখ্যা
চরকাটারী	মহল্লাদার	(০৭ নং ওয়ার্ড)	০১
বাচামারা	মহল্লাদার	(০২ ও ০৮ নং ওয়ার্ড)	০২
জিয়নপুর	মহল্লাদার	(০১ নং ওয়ার্ড)	০১
খলসী	মহল্লাদার	(০৬ নং ওয়ার্ড)	০১
চকমিরপুর	মহল্লাদার	(০১ নং ওয়ার্ড)	০১
কলিয়া	মহল্লাদার	(০৪ নং ওয়ার্ড)	০১
ধামধর	মহল্লাদার	(০৬ নং ওয়ার্ড)	০১
মোট শূন্য পদের সংখ্যা			০৮

শর্তসমূহঃ

- ০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশী এবং দৌলতপুর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
- ০২। প্রার্থীর বয়স আগামী ১৫.১১.২০২৩ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৩। ন্যূনতম অষ্টম শ্রেণি পাস হতে হতে হবে।
- ০৪। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রসিদ ছবি, অভিজ্ঞতা (যদি থাকে) সনদের অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৫। পুরুষ প্রার্থীর উচ্চতা কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন সর্বনিম্ন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর উচ্চতা কমপক্ষে ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ওজন সর্বনিম্ন ৪৫ কেজি হতে হবে।
- ০৬। আবেদন পত্রের সাথে অবশ্যই জাতীয় পরিচয় পত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ ও জন্ম নিবন্ধন সনদের অনুলিপি এবং ১০০/- টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার " উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ" বরাবর দাখিল করতে হবে।
- ০৭। প্রার্থী বীর মুক্তিযোদ্ধা বা শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী হলে সে ক্ষেত্রে তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা হিসেবে সনদ পত্রের অনুলিপি (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত) এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়নের অনুলিপি দাখিল করতে হবে।
- ০৮। উপজাতি/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য সনদ পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।
- ০৯। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে সংরক্ষিত সকল কোটাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হবে।

- ১০। প্রার্থীকে আগামী ১৫ নভেম্বর তারিখের মধ্যেই অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা হাতে হাতে "উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর" মানিকগঞ্জ বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে।
- ১১। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১২। খামের উপর পদের নাম ও ইউনিয়নের নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
- ১৩। চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরই কেবল নিয়োগ করা হবে।
- ১৪। পদের সংখ্যা কম/বেশি হতে পারে।
- ১৫। সরকার নির্ধারিত বেতন ভাতা প্রদেয় হবে।
- ১৬। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ১৭। কোন অসত্য তথ্য প্রদান করলে বা দাখিলকৃত কোন কাগজপত্র অসঠিক প্রমানিত হলে নিয়োগের যে কোন পর্যায়ে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ১৮। পোষ্য/মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ১৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/পরিবর্তন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ২০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের জন্য কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নহেন।




মোঃ আশিকুর রহমান চৌধুরী  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি  
দফাদার ও মহান্নাদার বাছাই কমিটি  
দৌলতপুর, মানিকগঞ্জ।  
ফোনঃ ০২-৯৯৬৬২৫০০২  
তারিখঃ ২৫.১০.২০২৩ খ্রিষ্টাব্দ।

স্মারক নং ০৫.৩০.৫৬৭০.০০০.০৩.০১২.২৩ - ৩৯৬

বিতরণ:

- ০১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৩। অফিসার ইনচার্জ, দৌলতপুর, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৪। উপজেলা প্রকৌশলী, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৬। চেয়ারম্যান .....ইউপি (সকল) দৌলতপুর, মানিকগঞ্জ
- ০৭। জনাব ..... দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৮। ওয়েব পোর্টাল/ নোটিশ বোর্ড, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৯। অফিস কপি।



উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
ও  
সদস্য সচিব  
দফাদার ও মহান্নাদার বাছাই কমিটি  
দৌলতপুর, মানিকগঞ্জ

